

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সামাজিক বন বিভাগ, ঢাকা
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

বিজ্ঞপ্তি

স্মারক নং- ২২.০১.০০০০.৪০৪.০৫.৪৩১.২২.৮৪১

তারিখ : ০৭/০৫/২০২৩ খ্রি:

বিষয়ঃ বন অধিদপ্তরে (ঢাকা বিভাগ) ফরেস্টগার্ড (বনপ্রহরী) এবং অফিস সহায়ক পদে জনবল নিয়োগের জন্য লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইস্যু এবং পরীক্ষার কেন্দ্র ও সময়সূচী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরে (ঢাকা বিভাগ) রাজস্ব খাতভুক্ত “ফরেস্ট গার্ড (বন প্রহরী)” এবং “অফিস সহায়ক” পদে জনবল নিয়োগের জন্য স্মারক নং ২২.০১.০০০০.৬০৮.০৫.৪৩১.২২.৩৬০ তারিখ: ০৯/০২/২০২৩ খ্রি: মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে অনলাইনে দাখিলকৃত বৈধ প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ১৯ মে, ২০২৩ খ্রি: তারিখে নিম্ন লিখিত পরীক্ষা কেন্দ্রে উল্লেখিত সময় সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

পদের নাম	পরীক্ষা কেন্দ্র	সময় সূচী
ফরেস্ট গার্ড (বন প্রহরী)	সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা	বেলা ০৩:০০ হতে ০৪:৩০ ঘটিকা পর্যন্ত মোট : ১ ঘন্টা ৩০ মিনিট
অফিস সহায়ক	বনানী বিদ্যালয়কেন্দ্র স্কুল এন্ড কলেজ, বনানী, ঢাকা	বেলা ০৩:০০ হতে ০৪:০০ ঘটিকা পর্যন্ত মোট : ১ ঘন্টা

ইতোমধ্যে “ফরেস্টগার্ড (বনপ্রহরী)” এবং “অফিস সহায়ক” পদে সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের অনুকূলে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশ পত্র ইস্যু করা হয়েছে। উক্ত ইস্যুকৃত প্রবেশপত্র টেলিটকের ওয়েবসাইট <http://cfcc.teletalk.com.bd> হতে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ডাউনলোড করার ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) অনলাইনে আবেদনের সময় সংশ্লিষ্ট প্রার্থীর নামে নিবন্ধিত মোবাইল ফোনে SMS এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। প্রেরিত উক্ত ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো। প্রবেশপত্র ডাউনলোড করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd তে ই-মেইলে যোগাযোগ করা যাবে। প্রার্থীকে প্রবেশপত্র সহকারে প্রবেশপত্রে উল্লেখিত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার শুরুর নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে উপস্থিত থেকে উক্ত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ সাইদুল ইসলাম

সদস্য সচিব

বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড

(ঢাকা বিভাগ)

ও

বিভাগীয় বন কর্মকর্তা

সামাজিক বন বিভাগ, ঢাকা।

ইমেইল : dfosfdhaka@gmail.com